

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
নাটোর।

fisheries.natore.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী


সভাপতি	মো: আবুল কালাম আজাদ জেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ	২৩/০৩/২০২৩খ্রি।
সভার সময়	সকাল ০৯.১০ ঘটিকা।
স্থান	জেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষ।
উপস্থিতি	সভায় উপস্থিত/অনলাইনে সংযুক্ত হয়ে উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”- তে সংযুক্ত করা হলো।

সভাপতি সভায় উপস্থিত অনলাইনে সংযুক্ত সকলকে (পরিশিষ্ট ক) স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত ভিডিওচিত্র প্রদর্শন করা হয় এবং আগত অংশীগনদের সাথে প্রশ্নোত্তর ও মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ শহীদুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ত্রৈমাসিক বিগত সভার সিদ্ধান্তসমূহের আলোকে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন এবং জেলার এপিএ চুক্তির আওতায় গৃহীত যাবতীয় কার্যক্রমের ওপর বিষয়ভিত্তিক আলোচনা করেন। উপস্থিত সকলেই এ আলোচনায় অংশগ্রহণ করেন। পরিশেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং কমিটির তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। প্রমাণক হিসেবে পুনর্গঠিত কমিটি হালনাগাদ সংক্রান্ত সরকারি পত্র/ওয়েবলিংক সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, জেলা মৎস্য অফিস, নাটোর এর অফিস আদেশ নং ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.২১, তারিখ ০৫ জানুয়ারি খ্রি. এর মাধ্যমে তৃতীয় ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ

২	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কর্মিটির সিদ্ধান্ত বাস্তবায়ন	প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতিসহ পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ
৩	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন	আওতাধীন/সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের জন্য কমপক্ষে ২টি সভা আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ
৪	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ)	প্রতি ৩ মাসে একবার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড, প্রদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ
৫	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন	প্রতি ৬ মাসে একবার সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান বিষয়ে প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ
৬	সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	প্রতি ৬ মাসে একবার অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ
৭	বিবিধ	স্ব স্ব দপ্তরের এপিএ চুক্তি মোতাবেক সকল কাজ সময়মত সম্পাদন করতঃ প্রমাণক সংরক্ষণ ও দাখিল করতে হবে।	ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৬.০৬.২০২০

মো: আবুল কালাম আজাদ  
জেলা মৎস্য কর্মকর্তা

০২৫৮৮৮৭২৫৯০


dfonatore@fisheries.gov.bd

নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.১৭০

তারিখ: ২৩/০৩/২০২৩খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, উপপরিচালক (প্রশাসন) এর দপ্তর, মৎস্য অধিদপ্তর;
- ২। উপপরিচালক(ফিল্ড সার্ভিস), ফিল্ড সার্ভিসের দপ্তর, মৎস্য অধিদপ্তর;
- ৩। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
- ৪। সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর;
- ৫। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসার (সকল), নাটোর;
- ৬। মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর এবং
- ৭। সহকারী মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর সদর, নাটোর।



মো: আবুল কালাম আজাদ  
জেলা মৎস্য কর্মকর্তা

সকল সংযুক্তিসমূহ:

সভার উপস্থিতির বিবরণ: পরিশিষ্ট ক